

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ  
(গোপনীয় শাখা)  
[www.gopalganj.gov.bd](http://www.gopalganj.gov.bd)

স্মারক সংখ্যা- ০৫.৩০.৩৫০০.০০১.৩৯.০০১.২৩- ২৪৫

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: “সভানা ইকো পার্ক ও ন্যাচারাল রিসোর্ট ” চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ কোর্টে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত Permission Petition No- ২৬৯/২০২৪ এর প্রেক্ষিতে গত ২৩/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের আদেশে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১৪ ধারা এবং দুর্নীতি দমন কমিশন, বিধিমালা-২০০৭ এর বিধি ১৮ অনুযায়ী সভানা ইকো পার্ট ও ন্যাচারাল রিসোর্টের স্থাবর সম্পদ ফ্রোক (Attach) এবং অস্থাবর সম্পদ অবরুদ্ধ (Freeze) করার আদেশ প্রদান করেন।

উক্ত মামলার গত ০৬/০৬/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের আদেশে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২১ ধারা ও দুর্নীতি দমন কমিশন বিধিমালা-২০০৭ এর বিধি ১৮গ মোতাবেক গোপালগঞ্জ জেলা ও মাদারীপুর জেলার রাজৈর উপজেলায় অবস্থিত স্থাবর সম্পত্তির সঠিক নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, তদারকি এবং রক্ষণাবেক্ষণের জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গোপালগঞ্জ ও জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জকে রিসিভার নিয়োগ করা হয়। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপারকে নিয়োগকৃত রিসিভারকে সকল প্রকার আইনগত ও প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন এবং সংশ্লিষ্ট জেলার দুর্নীতি দমন কমিশনের উপপরিচালককে যথাযথ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম পর্যবেক্ষণ ও তদারকির জন্য নির্দেশনা প্রদান করেন। তার আলোকে নিয়োগকৃত রিসিভারবৃন্দ দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, গোপালগঞ্জ এর সহায়তায় ইনভেন্ট্রিমুলে উক্ত পার্কের সকল স্থাবর সম্পত্তির দায়িত্বভার বুঝে নিয়েছেন।

দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা এর গত ১৩/০৬/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ০০.০১.০০০০.৪০৩.০১.০১০.২৪. ২২৩৫২ নং স্মারকে (কপি সংযুক্ত) উক্ত প্রতিষ্ঠানের ফ্রোককৃত সম্পদ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম সার্বিক তদারকির লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীকে আহবায়ক, পুলিশ সুপার, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ও জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি, গোপালগঞ্জকে সদস্য এবং দুর্নীতি দমন কমিশন জেলা কার্যালয়ের উপপরিচালককে সদস্য-সচিব করে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি করে দেয়া হয়। উক্ত কমিটির গত ১৪/০৬/২০২৪ তারিখের সভায় ১৫/০৬/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ হতে পার্কে প্রবেশ, বিভিন্ন রাইট ও সুইমিংপুল চালুর মাধ্যমে সীমিত পরিসরে “সভানা ইকো পার্ক ও ন্যাচারাল রিসোর্ট ” চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য পার্কের কটেজসমূহ আপতত বন্ধ থাকবে।

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

৩১.৬.২০২৪

কাজী মাহবুবুল আলম  
জেলা প্রশাসক  
গোপালগঞ্জ

০২-৪৭৮৮২১৭২০ (অফিস)

E-mail: dcgopalganj@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার  
ঢাকা বিভাগ  
ঢাকা

স্মারক সংখ্যা: ০৫.৩০.৩৫০০.০০১.৩৯.০০১.২৩- ২৪৫

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১-২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩. সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা;
৪. অফিস কপি।

৩১.৬.২০২৪

জেলা প্রশাসক  
গোপালগঞ্জ